



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮

২১ ফাল্গুন ১৪২৯

তারিখ: -----

০৬ মার্চ ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**শিল্প মন্ত্রণালয় কর্তৃক চিহ্নিত ও তালিকাভুক্ত, উদ্যোক্তার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে রপ্তা, নন-টেস্টাইল
খাতের শিল্প প্রতিষ্ঠানের মধ্যে ৫০(পঞ্চাশ) লক্ষ টাকার অধিক মূল ঋণ বিশিষ্ট ঋণ হিসাব সমন্বয় প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৮, তারিখ: ২৫ অক্টোবর ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক আলোচ্য প্রতিষ্ঠানসমূহের ঋণ পরিশোধ প্রক্রিয়া অধিকতর সহজীকরণের লক্ষ্যে সার্কুলারের অনুচ্ছেদ নম্বর- (ঙ) ও (চ) নিম্নরূপে প্রতিস্থাপন করা হলো:

“(ঙ) সুদ মওকুফ (যদি থাকে) পরবর্তী ঋণ স্থিতির উপর ব্যাংক সর্বোচ্চ কস্ট অব ফান্ড হারে সুদারোপ করতে পারবে। তবে, সুদারোপকালে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক ১২/০২/২০০৮ তারিখে ইস্যুকৃত স্মারক নং-অম/অবি/ব্যাংকিং/প্রশা-১/বিবিধ-১০/২০০১(অংশ-১)/৬৭ এ বর্ণিত ক্ষেত্রসমূহে কস্ট অব ফান্ড শিথিল করার বিষয়ে ব্যাংক স্বীয় বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

(চ) আলোচ্য নীতিমালার আওতায় ডাউন পেমেন্ট বাবদ প্রয়োজনীয় অর্থ নগদে প্রদান করে গ্রাহক কর্তৃক ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক বরাবর আবেদন করতে হবে। নির্ধারিত সময় অতিক্রান্ত হলে এতদসংক্রান্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।”

০২। উল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২